



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৩৩২

তারিখঃ ০১/০৪/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫১৪ তম কমিশন সভা অদ্য ০১/০৪/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Shurwid Industries Limited এর ১০ টাকা মূল্যমানের ১.৪০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৪.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ফ্যাক্টরী বিল্ডিং সম্প্রসারণ, ম্যাশিনারিজ ক্রয়, গ্যাস জেনারেটর ক্রয়, ব্যাংক লোন পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। Shurwid Industries Limited এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.০৯ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৪.১১ টাকা (পুনঃমূল্যায়িত)। উল্লেখ্য, Shurwid Industries Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited।
২. সভায় Delta Spinners Limited এর রাইট শেয়ার (২রা : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি সাধারণ শেয়ারের বিপরিতে ২টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Delta Spinners Limited কে কমিশন ৯,১৭,২৫,৬০০ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৯১,৭২,৫৬,০০০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে তা Balancing, Modernization Replacement and Expansion (BMRE) of existing textile spinning mills, Expansion through product diversification, Partial repayment of Long Term lease/Long Term loans of the Financial Institutions খাতে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে Banco Finance and Investment Limited।
৩. Sylhet Metro City Securities Ltd. (CSE Member # 25) -এ কমিশনের পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক. Margin Rules, 1999 এর Rule 3 (2) অনুযায়ী margin agreement ব্যতীত কতিপয় গ্রাহকগণকে মার্জিন সুবিধা দিয়ে সিকিউরিটিজ আইন ভঙ্গ করায়;
 - খ. কতিপয় কোম্পানীর শেয়ার স্ট সেল এর মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Section 4(1) লংঘন;
 - গ. কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/51 তারিখ 22/07/2010 ভঙ্গ করে কোম্পানীর কতিপয় পরিচালককে ঋণ প্রদান করায়;
 - ঘ. Sylhet Metro City Securities Ltd. কর্তৃক Consolidated Customers' Account এ জমাকৃত অর্থ থেকে FDR করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Section 8A (1), (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এবং উক্ত বিধির দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ও ৬ লংঘন;উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Sylhet Metro City Securities Ltd. -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. Eastern Shares & Securities Limited (CSE Member # 58) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক. একজন বিনিয়োগকারীকে Average Net Capital এর 25% এর অতিরিক্ত ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 5(1) ভঙ্গ;
 - খ. নন মার্জিনেবল "Z" এবং "N" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Eastern Shares & Securities Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র